

বিজিএ/কাস/২০২২/১৩৮

০৪ জুলাই, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স (সেলফ সি এন্ড এফ) গ্রহণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ এবং সহকর্মীবৃন্দ,  
আসসালামু আলাইকুম,

এতদ্বারা সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৪ জুলাই, ২০২২ তারিখে আমার নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধি দলের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পের কাস্টমস সংক্রান্ত বিভিন্ন নীতি সহায়তা নিয়ে আলোচনা হয়। বিজিএমইএ হতে তৈরী পোশাক শিল্পের আমদানীকৃত পণ্য খালাসের ক্ষেত্রে বিভিন্ন কাস্টমস হাউসে সৃষ্টি জটিলতা এবং বিভিন্ন প্রতিষ্ঠানের নামে জালিয়াতীর মাধ্যমে পণ্য চালান খালাসের বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড উল্লেখিত সমস্যাটি সমাধানের জন্য তৈরী পোশাক শিল্পের উদ্যোগদেরকে সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স (সেলফ সি এন্ড এফ) এর জন্য আবেদন করার পরামর্শ দেন। এই বিষয়ে কাস্টমস কর্তৃপক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। নিজস্ব সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্সের আওতায় আমদানী পণ্য খালাসের ক্ষেত্রে জালিয়াতীর সভাবনা থাকবেন। এছাড়াও ঢাকা কাস্টমস হাউসের মাধ্যমে স্যাম্পল খালাস প্রক্রিয়া সহজিকরণ হবে এবং বড়ের আওতায় কাঁচামাল ছাড়করণের প্রক্রিয়া ত্বরান্বিত হবে।

এমতাবস্থায় তৈরী পোশাক শিল্পের কাঁচামাল ছাড় করনের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়ন ও খালাস প্রক্রিয়া ত্বরান্বিত করার নিমিত্তে সম্মানিত সদস্যদেরকে সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স (সেলফ সি এন্ড এফ) গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদাত্তে,

ফারুক হাসান  
সভাপতি